

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ কর্মসমূহের সংক্ষিপ্ত ইতিহাস রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

রামল

রামল শুরু হয় সপ্তম হিজরীতে। রাসূলুল্লাহ (ﷺ) ষষ্ঠ 'হিজরীতে হুদায়বিয়া থেকে ফিরে যান উমরা আদায় না করেই। হুদায়বিয়ার চুক্তি অনুযায়ী পরবর্তী বছর তিনি ফিরে আসেন উমরা পালনের উদ্দেশ্যে। সময়টি ছিল যিলকদ মাস। সাহাবাদের কেউ কেউ জ্বরাক্রান্ত হয়েছিলেন এ বছর। তাই মক্কার মুশরিকরা মুসলমানদেরকে নিয়ে ব্যঙ্গ করে পরস্পরে বলাবলি করতে লাগল, 'এমন এক সম্প্রদায় তোমাদের কাছে আসছে য়াছরিবের (মিদিনার) জ্বর যাদেরকে দুর্বল করে দিয়েছে।[1] শুনে রাসূলুল্লাহ (ﷺ) সাহাবাদেরকে (রাঃ) রামল অর্থাৎ আমাদের যুগের সামরিক বাহিনীর কায়দায় ছোট ছোট কদমে গা হেলিয়ে বুক টান করে দৌড়াতে বললেন। উদ্দেশ্য, মুমিন কখনো দুর্বল হয় না এ কথা মুশরিকদেরকে বুঝিয়ে দেয়া। একই উদ্দেশ্যে রামলের সাথে সাথে ইয়তিবা অর্থাৎ চাদর ডান বগলের নীচে রেখে ডান কাঁধ উন্মুক্ত রাখারও নির্দেশ করলেন তিনি। সেই থেকে রমল ও ইয়তিবার বিধান চালু হয়েছে।

ফুটনোট

Source — https://www.hadithbd.com/books/link/?id=3442

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন